২০১৯

# বাংলা

(প্রোগ্রাম)

(আবশ্যিক) AECC(MIL)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

প্রথম সেমেস্টার

কোর্স কোড : BNGP-AECC(MIL)

( নতুন কোর্স )

SET-II

পূর্ণমান : ৪০ সময় : ২ ঘণ্টা

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।*

*প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।*

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) "বঙ্কিমবাবুর বঙ্গদর্শন একটি নূতন প্রভাতের মতো..." 'শিক্ষার হেরফের' প্রবন্ধে রবীন্দ্রনাথের এ জাতীয় মন্তব্যের কারণ কী?

খ) 'নির্ঝরের স্বপ্নভঙ্গ'—কবিতাটি রবীন্দ্রনাথের কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত?

গ) "...ছিঃ ঝগড়া করতে নাই। একসঙ্গে মিলেমিশে থাকবি তবে তো!"—উক্তিটির বক্তা কে? কাদের 'একসঙ্গে মিলেমিশে' থাকার কথা বলা হয়েছে?

ঘ) বাণিজ্যিক প্রতিবেদন কাকে বলে?

ঙ) 'Agronomy' ও 'Gazette'-এর বাংলা পরিভাষা লেখো।

চ) পত্ররচনার দু'টি নিয়মের উল্লেখ করো।

*[পরের পাতায়]*

ছ) 'Absorb' ও 'Jurisdiction'-এর বাংলা পরিভাষা লেখো।

জ) 'বাংলা আর ইংরেজী'—প্রবন্ধে প্রাবন্ধিক প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে কোন্ ভাষা মাধ্যমের উপর জোর দিয়েছেন?

২। যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) গণধোলাই প্রতিরোধে জন সচেতনতার উদ্দেশ্যে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা করো।

খ) "ফলে ছাত্রসমাজ দুইভাগ বিভক্ত হয়ে যাচ্ছে।"—'বাংলা আর ইংরেজী' প্রবন্ধে এই উক্তিতে যে সমস্যার কথা বলা হয়েছে তা প্রবন্ধানুসারে নিজের ভাষায় লেখো।

গ) পরিভাষা লেখো (যে-কোনো **পাঁচটি**) :

Accessories, Basic Education, Censor Board, Dealing Assistant, Grant Interium, Hypothecation, Kit-bag, Mutation.

ঘ) পরিভাষা লেখো (যে-কোনো **পাঁচটি**) :

Accountant, Bitumen, Commitment, Demand Draft, Field Assistant, Infrastructure, Mysticism, Provident Fund.

৩। যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) 'শিক্ষার হেরফের' প্রবন্ধে রবীন্দ্রনাথ ঠাকুরের মূল বক্তব্য নিজের ভাষায় লেখো।

খ) 'খোকাবাবুর প্রত্যাবর্তন' - গল্পটির নামকরণের সার্থকতা বিচার করো।

গ) মানুষ ও পশুর মধ্যে একাত্মতা কিভাবে 'কালাপাহাড়' গল্পে ধরা পড়েছে, তা নিজের ভাষায় লেখো।

ঘ) কাজী নজরুল ইসলাম-এর 'শিকল-পরার গান' কবিতায় কবির দেশপ্রেমের যে পরিচয় পাওয়া যায়, তা ব্যক্ত করো।

———————